অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/17/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা দিয়েছেন যে লুমিনেট এনওয়াই (LUMINATE NY) এর রাউন্ড III-এর জন্য আবেদন গ্রহণ করা শুরু হয়েছে

অ্যাক্সিলেটরের লক্ষ্য হলো ভিসনারি অপটিক্স, ফটোনিক্স ও ইমেজিং (Optics, Photonics and Imaging, OPI) কোম্পানিসমূহ এবং উদীয়মান প্রযুক্তিসমূহকে ফিঙ্গার লেক অঞ্চলে নিয়ে আসা

আবেদনপত্র 23 সেপ্টেম্বর, 2019 তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে

লুমিনেট এনওয়াই "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড (Finger Lakes Forward)" এর একটি মূল উদ্যোগ - যা এই অঞ্চলের কমিউনিটিসমূহের পুনর্জাগরণ ও অর্থনৈতিক প্রবৃদ্ধির সামগ্রিক কৌশল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো ঘোষণা দিয়েছেন যে লুমিনেট এনওয়াই - যা অপটিক্স, ফটোনিক্স এবং ইমেজিং ইন্ডাস্ট্রিতে স্টার্টআপ ফার্মগুলোর জন্য সাড়া বিশ্বে সবচেয়ে বড় বিজনেস অ্যাক্সিলেটর হিসেবে পরিচিত - এবং বর্তমানে এটি উদ্ভাবনমূলক প্রতিযোগিতার রাউন্ড III-এর জন্য আবেদন গ্রহণ করছে। কোম্পানির তৃতীয় দলে বিদ্যমান দশটি স্থানের মধ্যে একটির জন্য বাছাইকৃত দলগুলো প্রতিদ্বন্দ্বিতা করবে। রচেস্টার অবস্থিত লুমিনেট এনওয়াই অ্যাক্সিলেটর সম্ভাবনাপূর্ণ অপটিক্স, ফটোনিক্স এবং ইমেজিং কোম্পানিকে ছয়-মাসের একটি মেন্টরিং কর্মসূচির মাধ্যমে তাদের প্রযুক্তি এবং ব্যবসা প্রসারে সহায়তা প্রদান করে। নির্বাচিত হওয়ার পর, পরবর্তীতে দলগুলো ফলো-অন ফান্ডিংয়ের জন্য প্রতিদ্বন্দ্বিতা করবে, যার মধ্যে রয়েছে 1 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের প্রথম পুরস্কার; 500,000 মার্কিন ডলার মূল্যের দ্বিতীয় পুরস্কার এবং 250,000 মার্কিন ডলার মূল্যের দুইটি পুরস্কার যা দুইটি দলকে প্রদান করা হবে। রুপান্তনকারী ফিঙ্গার লেকস ফরোয়ার্ড আপস্টেট রিভাইটেলাইজেশন ইনিশিয়েটিভ (Finger Lakes Forward Upstate Revitalization Initiative)-এর মাধ্যমে লুমিনেট এনওয়াই কর্মসূচির অর্থায়ন প্রদান করা হয়।

"লুমিনেট এনওয়াই অপটিক্স, ফটোনিক্স এবং ইমেজিং ইন্ডাস্ট্রিতে সবচেয়ে সম্ভাবনাপূর্ণ নতুন কোম্পানিগুলোর জন্য বিশ্বব্যাপী স্বীকৃত একটি প্রতিযোগিতা ও রিসোর্স", **গভর্নর কুওমো বলেন।** "এই অ্যাক্সিলেটরটি নতুন ব্যবসাগুলোকে উৎসাহ প্রদান করা এবং চাকরির সুযোগ বৃদ্ধি করার লক্ষ্যে নিউ ইয়র্কের বহু সংখ্যক কৌশলগত শিল্প বিনিয়োগের মধ্যে কেবলমাত্র একটির উদাহরণ এবং আমরা ফিঙ্গার লেকসের অর্থনীতিকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে কাজ করে যাচ্ছি।"

"যথোপযুক্ত পরিকল্পনা প্রণয়ন এবং পুরো স্টেট জুড়ে চাকরির সুযোগ বৃদ্ধি করার ক্ষেত্রে আমাদের প্রতিযোগিতামূলক ব্যবসায়িক পরিকল্পনাগুলো খুবই কার্যকরী একটি অনুঘটক হিসেবে প্রমাণিত হয়েছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ফিঙ্গার লেকস অঞ্চলে ক্রমবর্ধমান ওপিআই (OPI) ইন্ডাস্ট্রিগুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি এবং সহায়তা প্রদান করার জন্য আমাদের যে সকল কার্যধারা রয়েছে লুমিনেট এনওয়াই তারই একটি অংশ। একটি নতুন রাউন্ড শুরুর সাথে সাথে, আমরা রচেস্টারের উদ্ভাবনী উদ্দীপনা ধরে রাখার ব্যাপারে দৃঢ়ভাবে প্রতিজ্ঞাবদ্ধ থাকি এবং সেটি হচ্ছে ভবিষ্যতের কথা মাথায় রেখে উচ্চাকাঙ্ক্ষী পরিকল্পনা প্রদান করা।"

নেক্সটকর্পস (NextCorps) কর্তৃক পরিচালিত লুমিনেট এনওয়াই সারা পৃথিবীব্যাপী এমন উদ্যোক্তাদের খুঁজছে যারা OPI চ্যালেঞ্জগুলো সমাধানে আগ্রহী, এর মধ্যে কয়েকটি হলো: মেশিন ভিশন, ইন্সপেকশন, বায়োফটোনিক্স, সিকিউরিটি, সার্ভিয়েল্যান্স, অগমেন্টেড অ্যান্ড ভার্চুয়াল রিয়েলিটি এবং অটোনোমাস ভিকলস। বিজয়ী দলটিকে অবশ্যই কমপক্ষে 18 মাসের জন্য অঞ্চলটিতে থাকতে হবে।

লুমিনেট এনওয়াই এর জন্য আবেদনকারীদের অবশ্যই সংঘবদ্ধ হতে হবে ও অন্ততপক্ষে দুইজন পূর্ণকালীন কর্মচারী থাকতে হবে এবং তাদের মূল প্রযুক্তিটি প্রমাণ করতে হবে, বিশেষ করে কাজের একটি প্রোটোটাইপ তৈরি করতে হবে। ভর্তি হওয়ার পর, কোম্পানিগুলো সহায়তা গ্রহণ করবে, যার মধ্যে থাকবে মূলধন, প্রযুক্তি সম্প্রসারণের জন্য ল্যাব সুবিধাসমূহ গ্রহণের অনুমতি, শিক্ষা এবং ব্যবসায়িক পরামর্শ। আবেদনপত্র এখন থেকে 23 সেপ্টেম্বর, 2019 তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

লুমিনেট এনওয়াই এর দ্বিতীয় দলের কোম্পানিগুলোর ফলো-অন ফান্ডিংয়ের সময় 2 মিলিয়ন মার্কিন ডলারের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার এক সপ্তাহ আগেই OPI-সক্রিয় প্রযুক্তির জন্য নতুন লোক চলে আসে। ফ্রি "লাইট টুমরো উইথ টুডে (Light Tomorrow with Today)" ডেমো ডে ইভেন্টটি 27 জুন, 2019 তারিখে, রচেস্টার ইন্টারন্যাশনাল জ্যাজ ফেস্টিভাল (Rochester International Jazz Festival)-এর CGI বিগ টেন্ট (CGI Big Tent)-এ অনুষ্ঠিত হবে। একটি কোম্পানিকে 1 মিলিয়ন মার্কিন ডলার পুরস্কার প্রদান করা হবে এবং সেইসাথে বিচারকদের রেটিংয়ের উপর ভিত্তি করে আরও 1 মিলিয়ন মার্কিন ডলার তিনটি কোম্পানিকে প্রদান করা হবে।

লুমিনেট এনওয়াই অঞ্চলটির ঐতিহাসিকভাবে শক্তিশালী OPI ইন্ডাস্ট্রি সেক্টর তৈরিতে কাজ করে যাচ্ছে। রচেস্টার হলো আমেরিকান ইনস্টিটিউট ফর ম্যানুফ্যাকচারিং ইন্টিগ্রেটেড ফটোনিক্স (American Institute for Manufacturing Integrated Photonics) টেস্ট, অ্যাসেম্বলি অ্যান্ড প্যাকেজিং ফ্যাসিলিটি অ্যাট ইস্টম্যান বিজনেস পার্ক, দ্য ইউনিভার্সিটি অব রচেস্টার'স (University of Rochester) ইনস্টিটিউট অব অপটিক্স, দ্য রচেস্টার ইন্সটিটিউট অব টেকনোলজি (Rochester Institute of Technology) এবং 100টিরও বেশি স্থানীয় OPI কোম্পানি এবং 17,000 জন কর্মীর সংযোগ স্থল যারা গ্লোবাল ইমেজিং লিডার হিসেবে অঞ্চলটির ইতিহাস তৈরিতে কাজ করে যাচ্ছে।

লুমিনেট এনওয়াই সম্পর্কে আরও তথ্যের জন্য ক্লিক করুন এখানে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "লুমিনেট এনওয়াই এর তৃতীয় রাউন্ডে ফিঙ্গার লেকস অঞ্চলে OPI ইন্ডাস্ট্রি সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অভূতপূর্ব স্টার্টআপ এবং প্রযুক্তি নিউ ইয়র্ক স্টেটে আনা অব্যাহত রাখার পাশাপাশি আরও 170টিরও বেশি কোম্পানি যোগ করা হবে যাদের প্রথম দুই রাউন্ডের মাধ্যমে বিশেষ এই বিজনেস অ্যাক্সিলেটের প্রতিযোগিতার জন্য বাছাই করা হয়েছে।"

লুমিনেট এনওয়াই এর ম্যানেজিং ডিরেক্টর ড. সুজাতা রামানুজান বলেন, "লুমিনেট এনওয়াই এ অংশগ্রহণকারী নতুন ব্যবসাসমূহের যোগ্যতা ও বৈচিত্র্য কেবল তাদের শিল্পকে পরিবর্তন করার সক্ষমতা নয় বরং এটি ফিঙ্গার লেক অঞ্চলে ইতোমধ্যেই বিদ্যমান রয়েছে এমন বেঞ্চমার্ক OPI ইকোসিস্টেমকে অব্যাহতভাবে উন্নত করবে।"

সিনেটর জোসেফ রোবাক বলেন, "লুমিনেট এনওয়াই এটির প্রথম দুই প্রতিযোগিতায় খুবই সফল ছিল। তারা এই বছর যা আনতে যাচ্ছে তা দেখার জন্য আমি আর ধৈর্য ধরে অপেক্ষা করতে পারছি না। উদ্ভাবন এবং প্রযুক্তির ক্ষেত্রে জাতীয় পথ-প্রদর্শক হিসেবে রচেস্টার অঞ্চলটিকে আরও মজবুত করে তোলার জন্য বার্ষিক এই প্রতিযোগিতাটি অনেক সাহায্য করেছে এবং ভবিষ্যতে আরও সাফল্য অপেক্ষা করছে। লুমিনেট এনওয়াই এর মতো চাকরির সুযোগ তৈরির উদ্যোগগুলো আমরা অবমূল্যায়ন করতে পারি না যেগুলো রচেস্টারে নতুন নতুন অনেক চিন্তাধারা এবং কনসেপ্ট বহন করে নিয়ে আসে।"

অ্যাসেম্বলি মেম্বার হ্যারি ব্রনসন বলেন, "আমাদের অঞ্চলটির অর্থনীতি উৎপাদনভিত্তিক থেকে উচ্চ-প্রযুক্তি যেমন- অপটিক্স, ফটোনিক্স এবং ইমেজিংয়ের দিকে মোড় নেওয়ার কারণে লুমিনেট এনওয়াই এর মতো কর্মসূচিগুলো খুবই গুরুত্বপূর্ণ, কেননা আমাদের নিশ্চিত করতে হবে যে পরবর্তী বড় কোনো সাফল্যের মুখ যেন আমরাই দেখি। সম্ভাবনাপূর্ণ নতুন কোনো ব্যবসা এবং এন্টারপ্রাইজকে সাপোর্ট করা আপস্টেট অর্থনীতির ক্ষেত্রে উপযুক্ত একটি বিনিয়োগ এবং এই অঞ্চলে তাদের ধারাবাহিক সহায়তার জন্য আমি গভর্নর কুওমো ও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর দলটিকে সাধুবাদ জানাই।"

রোচেস্টার মেয়র লাভলি এ. ওয়ারেন বলেন, "লুমিনেট এনওয়াই এর বিশ্বের বিভিন্ন স্থান থেকে বারংবার এ রকম উচ্চ মান সম্পন্ন আবেদন আকৃষ্ট করার ক্ষমতাটি গভর্নর কুওমোর বিচক্ষণতার পরিচয় দেয় কেননা রচেস্টারে এই উচ্চ-প্রযুক্তির বিজনেস অ্যাক্সিলেটরটি স্থাপন করা এবং শিল্পের উদ্ভাবক হিসেবে আমাদের পরিচয় তৈরি করার এই সিদ্ধান্ত তারই ছিল। লুমিনেট এনওয়াই ব্যবসায়িক নেতাদেরকে তাদের উদ্ভাবনী চিন্তাভাবনাগুলি মার্কেটপ্লেসে নিয়ে আসার জন্য একটি মঞ্চ প্রদান করে যা রচেস্টারের জ্ঞানভিত্তিক অর্থনীতির প্রবৃদ্ধিকে তরান্বিত করে। ফিঙ্গার লেকস ফরোয়ার্ডের মাধ্যমে রচেস্টারে এই 21 শতকের কর্মসংস্থান সৃষ্টিকারী রিসোর্সগুলো আনায়নে এবং আমাদের নাগরিকদের জন্য আরও কর্মসংস্থান তৈরি, আরও নিরাপদ ও বর্ণময় পরিবেশ তৈরি এবং শিক্ষামূলক সুযোগ প্রদানের লক্ষ্য পূরণে সহায়তা করার জন্য আমি গভর্নর কুওমো এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের কাছে কৃতজ্ঞ।"

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এই অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই 6.1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে - ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং উন্নত নির্মাণ কার্যের মতো মূল শিল্পগুলি এই বিনিয়োগের অন্তর্ভুক্ত। বর্তমানে, মহামন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত ও কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি উন্নতি ও বিনিয়োগ করার জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

বর্তমানে, আপস্টেট রিভাইটেলাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগসহ ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করছে যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015-এ ঘোষণা করেছেন। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে এবং অঞ্চলের জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200-টিরও বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন